# ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্ট

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা-১০০০।
www.bb.org.bd

এফইওডি সার্কুলার লেটার নং- ০৭/২০১৫

তারিখঃ ২৬ অগ্রহায়ন/১৪২২
১০ ডিসেম্বর/ ২০১৫

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত সকল অনুমোদিত
ডিলার এবং বৈধ লাইসেন্সধারী সকল মানি চেঞ্জার প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

মানি চেঞ্জিং প্রতিষ্ঠান সমূহের দৈনন্দিন বৈদেশিক মুদ্রার লেনদেন অনলাইনের মাধ্যমে সম্পাদন প্রসঙ্গে।

Guidelines For Foreign Exchange Transactions/2009, Vol-1,Chapt-2, Section-II, Para-5, 6 & 10 এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। বাংলাদেশ ব্যাংক কর্তৃক লাইসেন্স প্রাপ্ত মানি চেঞ্জার প্রতিষ্ঠানসমূহের সকল বৈদেশিক মুদ্রা লেনদেন অর্থাৎ দৈনন্দিন ক্রয়-বিক্রয় আগামী ১লা জানুয়ারী, ২০১৬ তারিখ থেকে অনলাইনের মাধ্যমে (Transaction Basis Real Time Reporting) সম্পাদন করতে হবে। মানি চেঞ্জার প্রতিষ্ঠান সমূহ কর্তৃক প্রতিটি লেনদেনের শেষে বাংলাদেশ ব্যাংকের মনোগ্রাম এবং Unique Transaction ID নম্বর সম্বলিত একটি PDF Acknowledgement প্রিন্ট করে গ্রাহককে সরবারহ করতে হবে। পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত অনলাইন রিপোর্টিং এর পাশাপাশি পূর্বের ন্যায় প্রতি মাসের লেনদেন বিবরনী পরবর্তী মাসের ০৭ দিনের মধ্যে সংশ্লিষ্ট এডি ব্যাংকের মাধ্যমে অত্র বিভাগে দাখিল করতে হবে।

৩। সকল মানি চেঞ্জার নিজ দায়িত্বে ৩১/১২/২০১৫ তারিখ দিন শেষে তাদের নিকট রক্ষিত সকল প্রকার বৈদেশিক মুদ্রা ভিত্তিক স্থিতিকে Initial Opening Balance হিসাবে সংশ্লিষ্ট Software (Online Money Changer Monitoring System) এ Login পূর্বক ঘোষণা করবে। এ সংক্রান্ত প্রয়োজনীয় User Manual (নির্দেশিকা) সংশ্লিষ্ট Software টির Help Tab এ দেয়া আছে। Initial Opening Balance ঘোষণা করার পর অত্র কার্যালয়ের ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্ট থেকে তা অনুমোদনের জন্য মানিচেঞ্জিং শাখার সংশ্লিষ্ট কর্মকর্তাদের e-mail অথবা টেলিফোনের (নং ৯৫৩০৫১২) মাধ্যমে ৩১/১২/২০১৫ তারিখ সন্ধ্যা ৭.০০ ঘটিকার পর অবহিত করতে হবে। উল্লেখ্য Initial Opening Balance ঘোষণা এবং তা বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত না হওয়া পর্যন্ত কোন মানি চেঞ্জার প্রতিষ্ঠান Online Software ব্যবহার করে Transaction রিপোর্ট করতে পারবে না।

৪। যে সব স্থানে নিয়মিত বিদ্যুৎ বিভ্রাট ঘটে সে সব স্থানে বিদ্যুৎ সরবরাহ না থাকা অবস্থায় ব্যবসা পরিচালনার জন্য Desktop Computer এর পরিবর্তে Laptop ব্যবহার করা শ্রেয় হবে। সার্বক্ষনিক ইন্টারনেট সেবা পাওয়ার জন্য একাধিক Mobile Operator/WIMAX/Broadband এর ইন্টারনেট সেবা গ্রহন করা উত্তম হবে।

আপনাদের বিশ্বস্ত

(মোঃ এচাহাক মিয়া)
উপ-মহাব্যবস্থাপক
ফোন-৯৫৩০৪৬৮